

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
আইসিটি শাখা
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

ইনোভেশন টিমের মে/২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

সভাপতি	: মাসুদা খানম : জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	: ৩১/০৫/২০২১খ্রি.
সভার সময়	: সকাল ১১.০০ ঘটিকা
স্থান	: জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার এর কক্ষ # ৫১০।
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত আছে। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। সেবা সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা:

সভাপতি উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট সেবা সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান, সেবা সহজিকরণ বিষয়ক ৩ টি প্রশিক্ষণ যথাক্রমে ২-৩, ৬-৭ ও ৮-৯ জুন, ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ সূচী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

২। মাঠ পর্যায়ের উদ্ভাবকগণকে উদ্ভাবনী ফান্ড প্রদান বিষয়ক আলোচনা

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) সভায় জানান যে, গত ১৯/০৪/২০২১ খ্রি. তারিখের মূল্যায়ন কমিটির কার্যবিবরণী মহাপরিচালক কর্তৃক ২২/০৪/২০২১ খ্রি. তারিখে অনুমোদিত হয়। ২০২০-২১ অর্থবছরে ১০ জন উদ্ভাবকের অনুকূলে ১০,২৫,০০০ (দশ লক্ষ পঁচিশ হাজার) টাকা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত। এ লক্ষ্যে উদ্ভাবকগণকে তাঁদের ব্যয়িত অর্থের বিল/ভাউচার প্রেরণের অনুরোধ করার ব্যাপারে সভায় আলোচনা হয়।

৩. সফল উদ্ভাবকদেরকে মৎস্য অধিদপ্তরের পক্ষ থেকে প্রশংসাসূচক সনদপত্র/ক্রেস্ট প্রদান সংক্রান্ত আলোচনা

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, মূল্যায়ন কমিটির মূল্যায়ন ও শোকেসিং এ প্রাপ্ত ফিডব্যাক এর ভিত্তিতে সনদপত্র প্রদানের নিমিত্ত উদ্ভাবক নির্বাচন করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনা শেষে তাঁদের উদ্ভাবনের উপযোগিতা, বৈচিত্র্যতা, নাগরিক সংশ্লিষ্টতা ও টিসিডি বিবেচনায় মোট ৫ জন উদ্ভাবককে প্রশংসাসূচক সনদপত্র প্রদান করা যেতে পারে।

৪. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা :


উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ২৪.০৩.২০২১ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় ৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সদস্য সচিব সভায় জানান।

আলোচনার শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

সিদ্ধান্তসমূহ:

১. সেবা সহজিকরণ প্রশিক্ষণ প্রদানের পর ই-প্রশিক্ষণে এন্ট্রি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;
২. অনুমোদিত তালিকা অনুসারে উদ্ভাবকগণ উদ্ভাবন সংশ্লিষ্ট বিল/ভাউচার আগামী ৩ জুন, ২০২১ এর মধ্যে ইনোভেশন টিমের নিকট প্রেরণ করতে হবে;
৩. মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে ৫ জন উদ্ভাবককে প্রশংসাসূচক পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শেষ হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মাসুদা খানম)
জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)
ও
ইনোভেশন অফিসার

স্মারক নম্বরঃ ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০২.২০.১৭

তারিখঃ ৩১ মে, ২০২১

বিতরণঃ কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ২) স্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৪) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৫) অফিস কপি।